

এসকেএস স্কুল এ্যান্ড কলেজ

প্রাক-নির্বাচনি পরীক্ষা-২০২০

শ্রেণি : দ্বাদশ

বিষয় : জীববিজ্ঞান

[সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

সময় : ১ ঘণ্টা ৩০মিনিট

পূর্ণমান- ৫০

জ্ঞানমূলক প্রশ্ন :

১×১০=১০

- ১। যে ভাজক টিস্যু বিভাজিত হয়ে উদ্ভিদের ত্বক সৃষ্টি করে তাকে কী বলে ?
- ২। Malvaceae গোত্রের অমরাবিন্যাস কোন ধরনের ?
- ৩। সাইকাসে কি ধরনের সস্য দেখা যায় ?
- ৪। জবা ফুলের স্ত্রীকেশরের সংখ্যা কয়টি ?
- ৫। পাতা কোন ভাজক টিস্যুর উদাহরণ ?
- ৬। শ্রবণ ও ভারসাম্য রক্ষায় ভূমিকা রাখে কোন স্নায়ু ?
- ৭। মানবদেহে অক্ষীয় কঙ্কালের অস্থির সংখ্যা কতটি?
- ৮। অষ্টম করোটিক স্নায়ুর কাজ কী ?
- ৯। " জিফয়েড প্রসেস" কোথায় অবস্থিত ?
- ১০। থোরাসিক কশেরুকার সংখ্যা কয়টি?

সৃজনশীল প্রশ্ন

- ১। দুই প্রকার উদ্ভিদের মধ্যে এক প্রকার উদ্ভিদের বীজ অনাবৃত অবস্থায় থাকে এবং অন্য প্রকার উদ্ভিদের বীজে আবরণ থাকে। উভয় প্রকার উদ্ভিদের মধ্যে কিছু মিল ও অমিল লক্ষ করা যায়।

- ক) পুষ্পপত্র বিন্যাস কী ? ১
 - খ) সাইকাসকে কেন জীবন্ত জীবাশ্ম বলা হয় ? ২
 - গ) উদ্ভীপকের প্রথম প্রকার উদ্ভিদের বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩
 - ঘ) উদ্ভীপকে উল্লিখিত ২য় প্রকার উদ্ভিদ গোষ্ঠী বৈশিষ্ট্যগতভাবে উন্নত - বিশ্লেষণকর। ৪
- ২। উদ্ভিদের বর্ধিষ্ণু অঞ্চলে বিদ্যমান এক প্রকার টিস্যু উদ্ভিদের বৃদ্ধিতে ভূমিকা রাখে। এসব টিস্যু থেকে পরবর্তীতে বিভিন্ন স্থায়ী টিস্যুতন্ত্র গঠিত হয়, যাদের মধ্যে একটি উদ্ভিদের বিভিন্ন উপাদান পরিবহনে নিয়োজিত।

- ক) সোরাস কী ? ১
- খ) দ্ব্যত্র শাখান্বিত বলতে কী বোঝায় ? ২
- গ) উদ্ভীপকের বর্ণিত টিস্যুর শ্রেণিবিন্যাস হকের সাহায্যে দেখাও। ৩

ঘ) উদ্ভিদের বৃদ্ধি, বিকাশ ও অস্তিত্ব রক্ষায় উদ্দীপকে নির্দেশিত টিস্যুতন্ত্রের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৩। ক্রিকেট খেলতে গিয়ে রাফসান হাতে আঘাত পায়। আঘাতের পর তার হাতের সন্ধি ফুলে গিয়ে প্রচণ্ড ব্যথার সৃষ্টি হয়। এক্স-রে করার পর দেখা গেল তার হাড় ভাঙে নি।

- ক) ফ্যাসিকুলার কী? ১
- খ) কোন তরুনাঙ্ঘি হাড়ের মতো শক্ত এবং কেন? ২
- গ) উদ্দীপকের আলোকে রাফসানের ফোলা ও ব্যথার কারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ) রাফসানের সমস্যার চিকিৎসা সম্বন্ধে তোমার মতামত দাও। ৪

৪। আমাদের মেরুদণ্ড কতগুলো কশেরুকার সমন্বয়ে গঠিত। কশেরুকার মধ্যে একটি আংটি আকৃতির। এটি কঙ্কালতন্ত্রের একটি অংশ। মানবদেহের চলনে এই তন্ত্র ছাড়াও পেশিতন্ত্র গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

- ক) বক্ষপিঞ্জর কী? ১
- খ) অঙ্ঘি ও তরুনাঙ্ঘির মধ্যে পার্থক্য লেখ। ২
- গ) উদ্দীপকের উল্লিখিত কশেরুকাটির চিত্রসহ গঠন ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকের উল্লিখিত দুই ধরনের তন্ত্রের সমন্বিত কার্যক্রমই দেহ সঞ্চালিত হয়- বিশ্লেষণ কর। ৪